# প্রসপেক্টাস
# ২০২৪



আল-মারকাযুল ইসলামী আস-সালাফী

المركز الإسلامي السلفي

AL-MARKAZUL ISLAMI AS-SALAFI

# প্রসপেক্টাস

## (نشرة تعريفية)

## ২০২৪

**আল-মারকাযুল ইসলামী আস-সালাফী**

**المركز الإسلامي السلفي**

**Al-Markazul Islami As-Salafi**

নওদাপাড়া (আম চত্বর), পোঃ সপুরা, থানা : শাহ মখদুম, রাজশাহী
মোবাইল : ০১৭১৬-৩৮৯৮৪১ (সেক্রেটারী); ০১৭১৭-৮৬৫২১৯ (ভাইস প্রিন্সিপাল)
০১৭৩৫-৯৫৯০২৯ (হিসাব সহকারী); ০১৩০৯-১৩৪০৫১ (অফিস সহকারী)

بسم الله الرحمن الرحيم

الحمد لله وحده والصلاة والسلام علي من لا نبي بعده، أما بعد:

# ভূমিকা

**(المقدمة)**

**আল-মারকাযুল ইসলামী আস-সালাফী** দেশের অনন্য বৈশিষ্ট্য সম্পন্ন একটি ঐতিহ্যবাহী দ্বীনী শিক্ষা প্রতিষ্ঠান। **'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'** পরিচালিত অত্র প্রতিষ্ঠানটি ১৪০১ হিজরী মোতাবেক ১৯৯১ খ্রিষ্টাব্দে প্রতিষ্ঠিত হয়। অতঃপর ২০০৪ সালে শুরু হওয়া 'মহিলা সালাফিইয়াহ মাদ্রাসা' ২০১০ সাল থেকে অত্র মারকাযের অধীনে পৃথক ক্যাম্পাসে পরিচালিত হয়ে আসছে, যা ২০১৭ সাল থেকে **'আল-মারকাযুল ইসলামী আস-সালাফী (মহিলা শাখা)'** নামে অভিহিত হয়। প্রতিষ্ঠাকাল থেকেই অত্র প্রতিষ্ঠানটি যথার্থভাবে ইলমে দ্বীন ও সমকালীন জ্ঞান-বিজ্ঞান শিক্ষাদানে গুরুত্বারোপ করে আসছে। সাথে সাথে যথাযথ অনুশীলনের মাধ্যমে বিশুদ্ধ আক্বীদা ও আমলের প্রসার ঘটানো এবং ইসলামের নামে প্রচলিত ভ্রান্ত আক্বীদা ও আমল সমূহের সংস্কার সাধনের জন্য সাধ্যমত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

**'আল-মারকাযুল ইসলামী আস-সালাফী'** এমন একটি শিক্ষা ব্যবস্থার প্রতিনিধিত্ব করছে, যা প্রচলিত মাদ্রাসা শিক্ষা ও সাধারণ শিক্ষার দ্বি-মুখী ধারাকে সমন্বিত করে পবিত্র কুরআন ও ছহীহ সুন্নাহ ভিত্তিক একক ও পূর্ণাঙ্গ ইসলামী শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠায় পথ প্রদর্শন করে। ছেলে ও মেয়েদের পৃথক শিক্ষাপরিবেশ নিশ্চিত করার মাধ্যমে উভয়ের জন্য উচ্চশিক্ষার দুয়ার খুলে দেওয়া এবং তাদেরকে সর্বোত্তম ইসলামী নৈতিকতা সম্পন্ন আদর্শ মুসলিম হিসাবে গড়ে তোলাই অত্র প্রতিষ্ঠানটির একান্ত লক্ষ্য। এ ব্যাপারে আমরা ছাত্র-শিক্ষক-অভিভাবক ও সুধী মহলের আন্তরিক দো'আ ও সার্বিক সহযোগিতা কামনা করছি। আল্লাহ আমাদের সহায় হৌন।- আমীন!

## প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য

১. পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের আলোকে শিক্ষাদান।
২. মুহাদ্দেছীনের মাসলাক অনুসরণে ও সালাফে ছালেহীনের বুঝ অনুযায়ী কুরআন ও সুন্নাহ্‌র যথাযথ ব্যাখ্যা প্রদান।
৩. ধর্মীয় ও সামাজিক কুসংস্কারমুক্ত ইসলামী শিক্ষা ও সংস্কৃতির অনুশীলন এবং বিকাশ সাধন।
৪. আল্লাহভীরু যোগ্য আলেমে দ্বীন, লেখক, গবেষক, বাগ্মী ও দেশপ্রেমিক নাগরিক সৃষ্টি করা।
৫. সমাজ ও রাষ্ট্র পরিচালনার জন্য উপযুক্ত নেতৃত্ব ও দাঈ ইলাল্লাহ গড়ে তোলা।

## প্রতিষ্ঠানটির অবস্থান

শিক্ষানগরী রাজশাহীর নওদাপাড়া আম চত্বর সংলগ্ন নিজস্ব ক্যাম্পাসে ও মনোরম পরিবেশে অত্র প্রতিষ্ঠানটি অবস্থিত। রাজশাহী-নওগাঁ মহাসড়কের দু'পাশে প্রায় সাড়ে দশ বিঘা জমির উপর অবস্থিত প্রতিষ্ঠানটিতে বর্তমানে তিনতলা ও চারতলা বিশিষ্ট একাডেমিক ও আবাসিক ভবন এবং বৃহদায়তন ৬ তলা ইয়াতীম ভবন ও দু'দিকে দু'টি মসজিদ রয়েছে। এর অনতিদূরে ৯ বিঘা জমির উপর সুউচ্চ প্রাচীরবেষ্টিত পৃথক 'আল-মারকাযুল ইসলামী আস-সালাফী মহিলা শাখা' অবস্থিত। সেখানে ইতিপূর্বে ৩৫ কক্ষ বিশিষ্ট একটি ৫তলা আবাসিক ভবন নির্মাণ সম্পন্ন হয়েছে। বর্তমানে ৩৭ কক্ষ বিশিষ্ট আরো একটি ৫তলা ভবন নির্মাণ শেষের পথে। *ফালিল্লা-হিল হাম্‌দ।*

## বৈশিষ্ট্য সমূহ

১. শিক্ষার্থীদেরকে নির্ভেজাল তাওহীদ ও ছহীহ সুন্নাহ্‌র আলোকে চরিত্রবান ও সুন্নাতের পাবন্দ হিসাবে গড়ে তোলা।
২. ইসলামী আদব, আক্বায়েদ ও আহকামের উপর বুনিয়াদী শিক্ষা প্রদান এবং মাসনূন দো'আ সমূহ মুখস্থ করানো।
৩. বাংলা, আরবী, ইংরেজী ও উর্দূ ভাষায় ব্যবহারিক দক্ষতা সৃষ্টি করা।
৪. আবাসিক শিক্ষার্থীদের বিশেষভাবে তদারকি।
৫. মনোরম পরিবেশ ও উন্মুক্ত খেলার মাঠ।
৬. নিজস্ব চিকিৎসকের মাধ্যমে শিক্ষার্থীদের চিকিৎসার সুব্যবস্থা।
৭. নিয়মিত সাংস্কৃতিক কার্যক্রম ও শিক্ষা সফরের ব্যবস্থা।
৮. ইসলামী জ্ঞান-বিজ্ঞান ও সাহিত্য অধ্যয়নের জন্য সমৃদ্ধ পাঠাগার।
৯. আবাসিক শিক্ষার্থীদের জন্য মানসম্মত আবাসন ও আহারের ব্যবস্থা।
১০. ইয়াতীম শিক্ষার্থীদের সার্বিক ব্যবস্থাপনার জন্য স্বতন্ত্র 'ইয়াতীম বিভাগ'।

১১. মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীদের জন্য বিশেষ ব্যবস্থা।
১২. স্বতন্ত্র হিফয ও মক্তব বিভাগ।
১৩. নিজস্ব সিলেবাস দ্বারা পরিচালিত ‘ছানাবিয়াহ’, কুল্লিয়া ও ‘তাখাছ্ছুছ’ বিভাগ।
১৪. মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাথে অত্র প্রতিষ্ঠানের ‘মু‘আদালাহ’ থাকায় মেধাবী শিক্ষার্থীদের জন্য উক্ত বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষা লাভের সুযোগ।

## শিক্ষাস্তর

**শিক্ষার স্তর ৭টি।**

| | |
|---|---|
| ১. মক্তব বিভাগ : | ১ বছর। |
| ২. হিফয বিভাগ : | ৩ বছর। |
| ৩. ইবতেদায়ী (প্রাথমিক) : | ৫ বছর। |
| ৪. মুতাওয়াস্‌সিতাহ (মাধ্যমিক) : | ৫ বছর। |
| ৫. আলিম/ছানাবিয়াহ (উচ্চ মাধ্যমিক) : | ২ বছর। |
| ৬. কুল্লিয়া : | ৩ বছর। |
| ৭. তাখাছ্ছুছ : | ১ বছর। |

## পাঠ্যক্রম

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের সিলেবাস, কওমী নেছাব ও মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়ের সিলেবাস অনুসরণে **হাদীছ ফাউণ্ডেশন শিক্ষা বোর্ড** কর্তৃক সুবিন্যস্ত সিলেবাস অনুযায়ী পাঠ্যক্রম তৈরী করা হয় এবং নির্দিষ্ট সময়ের মধ্যে সিলেবাস শেষ করা হয়। শিক্ষার্থীদের লেখাপড়ার মানোন্নয়নের জন্য দু’টি শ্রেণী মূল্যায়ন/পাঠমূল্যায়ন (Class Test) সহ বছরে ২টি পরীক্ষা নেওয়া হয়।

## ২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির সময়কাল

১. **ভর্তি ফরম বিতরণ :** ২রা ডিসেম্বর’২৩ হ’তে ২৮শে ডিসেম্বর’২৩ পর্যন্ত। **ভর্তি ফরমের মূল্য :** ৩০০/-।

২. **ভর্তি পরীক্ষা :** ৩০শে ডিসেম্বর’২৩ শনিবার সকাল ৯-টা।

**ফলাফল প্রকাশ :** ৩১শে ডিসেম্বর’২৩।

**ভর্তি :** ৩১শে ডিসেম্বর’২৩ হ’তে ৬ই জানুয়ারী’২৪ পর্যন্ত।

**ক্লাস শুরু :** ৬ই জানুয়ারী’২৪, সময় : সকাল ৮.৩০ মিনিট।

৩. **পুরাতন শিক্ষার্থীদের ভর্তি :** ২৩শে ডিসেম্বর’২৩ হ’তে ৬ই জানুয়ারী’২৪ পর্যন্ত। নির্ধারিত সময়ে কোন পুরাতন ছাত্র ভর্তি না হ’লে তার আসন শূন্য বিবেচনা করতঃ তদস্থলে নতুন ছাত্র ভর্তি নেওয়া হবে।

৪. **ছানাবিয়াহ ও কুল্লিয়া শ্রেণীতে ভর্তি :** দাখিল ও আলিম পরীক্ষার ফল প্রকাশের এক সপ্তাহের মধ্যে।

উল্লেখ্য যে, ভর্তি ফরম ও ভর্তি পরীক্ষার ফলাফল www.amis.edu.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

## ভর্তির যোগ্যতা

১. কিতাব বিভাগে ৪র্থ শ্রেণী হ'তে ৯ম শ্রেণী পর্যন্ত ভর্তির জন্য লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হ'তে হবে। মক্তব ও হিফয বিভাগ এবং ১ম থেকে ৩য় শ্রেণী পর্যন্ত আসন সাপেক্ষে মৌখিক পরীক্ষার মাধ্যমে নির্দিষ্ট সংখ্যক শিক্ষার্থী ভর্তি করা হবে।

২. 'আলিম/ছানাবিয়াহ শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে দাখিল অথবা কওমী মাদ্রাসা থেকে মুতাওয়াস্‌সিতাহ শ্রেণী উত্তীর্ণের সনদ এবং 'কুল্লিয়া' শ্রেণীতে ভর্তির জন্য 'ছানাবিয়াহ' অথবা আলিম পরীক্ষায় উত্তীর্ণের সনদ থাকতে হবে। সেই সাথে জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র, দুই কপি পাসপোর্ট সাইজের ছবি এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের পক্ষ থেকে প্রশংসাপত্র জমা দিতে হবে।

৩. হিফয বিভাগে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ৭ থেকে অনূর্ধ্ব ১০ বছর হবে। প্রথমে নাযেরায় সর্বোচ্চ পর্যবেক্ষণের পর শিক্ষার্থীকে হিফয বিভাগের জন্য নির্বাচন করা হবে।

৪. প্রথম শ্রেণীতে ভর্তির বয়স ৬-৭ বছর এবং মক্তব বিভাগে ভর্তির বয়স ৭ থেকে অনূর্ধ্ব ৮ বছর হবে। পরিস্থিতি বিবেচনায় সর্বোচ্চ ১০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

## ভর্তিবিধি

১. নির্ধারিত ফী ৩০০/-টাকার বিনিময়ে ভর্তি ফরম ও ভর্তি নির্দেশিকা (প্রসপেক্টাস) সংগ্রহ করতে হবে।

২. ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর প্রতিষ্ঠানের নির্ধারিত ফী সমূহ জমা দেওয়ার মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৩. ২ কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা রঙিন ছবি এবং জন্মনিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে।

৪. ভর্তির পর প্রতিষ্ঠান পরিবর্তন/ভর্তি বাতিল করতে চাইলে ভর্তি ফী বাবদ প্রদত্ত টাকা ফেরৎ দেওয়া হবে না।

৫. অন্য প্রতিষ্ঠান থেকে এসে ভর্তি হ'তে চাইলে তাকে পূর্ববর্তী প্রতিষ্ঠান প্রধানের পক্ষ থেকে ছাড়পত্র (টি.সি.) জমা দিতে হবে।

৬. পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র (NID)-এর ফটোকপি এবং (সর্বদা ব্যবহৃত হয় এমন) মোবাইল নম্বর জমা দিতে হবে।

## পরীক্ষা সংক্রান্ত

১. মক্তব, হিফয সহ সকল শ্রেণীতে বছরে দু'টি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

২. যাবতীয় ফী পরিশোধ করে পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

৩. ১০০ নম্বরের পরীক্ষায় পাশ নম্বর ৪০।

৪. কোন শিক্ষার্থী দুই বিষয়ে অকৃতকার্য হ'লে তাকে পরবর্তী শ্রেণীতে উন্নীত করা হবে না।

৫. কোন শিক্ষার্থী একই শ্রেণীতে পর পর দু'বছর অকৃতকার্য হ'লে তাকে প্রতিষ্ঠান থেকে ছাড়পত্র দেয়া হবে।

৬. বার্ষিক পরীক্ষায় 'আখলাক'-এ ৫০ নম্বর থাকবে। আখলাকের নম্বর শ্রেণীতে পাঠদানরত শিক্ষকদের পর্যবেক্ষণে দেওয়া হবে।

৭. আখলাকে প্রাপ্ত নম্বর পরবর্তী শ্রেণীতে উত্তীর্ণের ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করবে না।

৮. ১ম হ'তে ৫ম শ্রেণী পর্যন্ত পরীক্ষার ৩ দিন পূর্বে, ৬ষ্ঠ হ'তে ১০ম শ্রেণী পর্যন্ত পরীক্ষার ১ সপ্তাহ পূর্বে এবং নির্বাচনী (Test) পরীক্ষার দুই সপ্তাহ পূর্বে ক্লাস বিরতি হবে।

৯. মার্চে প্রথম ও সেপ্টেম্বরে দ্বিতীয় শ্রেণী মূল্যায়ন/পাঠমূল্যায়ন (Class Test) পরীক্ষা নেওয়া হবে।

## নীতিমালা ও আচরণবিধি

### ইবাদত সংক্রান্ত

১. প্রত্যেক শিক্ষার্থী পাঁচ ওয়াক্ত ছালাত জামা'আতের সাথে মারকাযের মসজিদে আদায় করবে। ইক্বামতের কমপক্ষে পাঁচ মিনিট পূর্বে মসজিদে প্রবেশ করবে। সালাম ফিরানোর পর কমপক্ষে তিন মিনিট বসে মাসনূন দো'আ পড়বে। সুন্নাত ছালাত মসজিদে আদায় করবে।

২. জুম'আর দিন সকল শিক্ষার্থী ১২-টার মধ্যে মসজিদে উপস্থিত হবে। অন্যদিন পূর্ব পার্শ্বের শিক্ষার্থীরা পূর্ব পার্শ্বে এবং পশ্চিম পার্শ্বের শিক্ষার্থীরা পশ্চিম পার্শ্বে ছালাত আদায় করবে।

৩. মারকাযে অবস্থানকালে মারকাযের মসজিদের বাইরে অন্য কোন মসজিদে ছালাত আদায় করতে পারবে না। সুস্থ অবস্থায় বিনা ওযরে মসজিদে জামা'আতে ছালাত হ'তে বিরত থাকবে না। কোন শিক্ষার্থী ছালাতে অবহেলা করলে একাধিকবার সতর্ক করার পরেও সংশোধন না হ'লে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রয়োজনে তার ভর্তি বাতিল করা হবে।

### পোষাক সংক্রান্ত

১. মারকায এলাকার বাইরে সর্বদা এক রঙা ঢিলা পায়জামা, লম্বা পাঞ্জাবী ও সাদা গোল টুপী ব্যবহার করবে।

২. কক্ষে বা মারকাযের ভিতরে হাতাওয়ালা লেখা ও ছবিহীন গেঞ্জি বা ফতুয়া এবং লুঙ্গি অথবা ঢিলেঢালা পায়জামা পরিধান করবে।
৩. ক্লাসের পরে আবাসিকে/বাসায় মারকায কর্তৃপক্ষ নির্ধারিত পোষাক পরিধান করবে।
৪. প্যান্ট-শার্ট সহ ছবিযুক্ত ও টাইট-ফিট সকল পোষাক নিষিদ্ধ।
৫. চুল ছোট রাখবে। এক্ষেত্রে নানারূপ ফ্যাশন থেকে বিরত থাকবে।
৬. গোঁফ ছোট করবে ও দাড়ি ছেড়ে দিবে।

## পরিচ্ছন্নতা

১. নিজ বিছানা, কাপড়-চোপড় ও কক্ষ সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবে। কাগজপত্র ও অন্যান্য আবর্জনা নির্দিষ্ট ডাস্টবিনে ফেলবে।
২. মারকাযের কোন দেয়ালে লেখা, দাগ কাটা, ছবি আঁকা ও ময়লা করা থেকে বিরত থাকবে।
৩. দায়িত্ব অনুযায়ী বারান্দা ও টয়লেট সর্বদা পরিষ্কার রাখবে। পানি ও বিদ্যুৎ ব্যবহারে কোনরূপ অপচয় করবে না। 'অপচয়কারীরা শয়তানের ভাই' (*বনু ইস্রাঈল ১৭/২৭*) আয়াতটি এবং 'আল্লাহ নিজে সুন্দর তিনি সৌন্দর্যকে পসন্দ করেন' (*মুসলিম, মিশকাত হা/৫১০৮*) হাদীছটি সর্বদা মনে রাখবে।
৪. কক্ষে লাইট-ফ্যানের ক্ষয়-ক্ষতি ও অপচয় থেকে বিরত থাকবে। বাথরুম-বেসিন পরিষ্কার রাখবে। কক্ষের বারান্দা ঝাড়ু দিবে ও ময়লা নির্দিষ্ট স্থানে/ডাস্টবিনে ফেলবে।

## ক্লাস সংক্রান্ত

১. নির্ধারিত পোষাক **(বিস্কুট কালারের পাজামা, পাঞ্জাবী ও সাদা গোল টুপি)** পরিধান করে ক্লাসে আসবে এবং পোষাক সর্বদা পরিচ্ছন্ন রাখবে।
২. ক্লাস শুরুর কমপক্ষে ৫মিনিট আগে ক্লাসে উপস্থিত হবে।
৩. শ্রেণীকক্ষ ও বারান্দায় কোনরূপ কোলাহল সৃষ্টি করবে না।
৪. প্রত্যেক ক্লাসে পাঠ্যবই ও খাতা-কলম ও পেন্সিল সঙ্গে আনবে।
৫. প্রতি বৃহস্পতিবার ৩য় ঘণ্টা শেষে সহপাঠ্যক্রমিক কার্যক্রম তথা সাপ্তাহিক ইছলাহুল বায়ান বা আঞ্জুমানে উপস্থিত থাকবে।
৬. প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতা, পুরস্কার বিতরণী, ক্লাস উদ্বোধনী ও বিদায়ী সভাসহ সকল প্রকার অনুষ্ঠানে অংশগ্রহণ করা সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক।
৭. শিক্ষা সংক্রান্ত কোন পরামর্শ থাকলে যেকোন শিক্ষার্থী প্রথমতঃ শ্রেণী শিক্ষক ও প্রয়োজনে তাঁর অনুমতিক্রমে প্রিন্সিপালের সাথে আলোচনা করবে অথবা লিখিতভাবে জানাবে। দলবদ্ধভাবে কোন দাবী পেশ করা নিষিদ্ধ।
৮. **ক্লাস সময় :** সকাল ৮.৩০ মিনিট হ'তে ১২.৪৫ মিনিট পর্যন্ত (জানুয়ারী-ফেব্রুয়ারী)। ৮টা হ'তে ১২.৪৫ মিনিট পর্যন্ত (মার্চ-নভেম্বর)।

## ফী সংক্রান্ত

১. ছাত্রদের বেতন, বোর্ডিং ও ব্যবস্থাপনাসহ সকল প্রকার ফী অভিভাবকগণ প্রতিষ্ঠানের নির্ধারিত রসিদের মাধ্যমে হিসাব রক্ষকের নিকট জমা দিবেন।

২. প্রতি মাসের ১০ তারিখের মধ্যে মাসিক বেতন, বোর্ডিং ফী ও আবাসিক ব্যবস্থাপনা ফী পরিশোধ করতে হবে। উক্ত তারিখ অতিক্রম করলে পরবর্তী প্রতিদিনের জন্য ৫ টাকা হারে জরিমানা দিতে হবে।

৩. প্রত্যেক পরীক্ষার পূর্বে পরীক্ষা চলাকালীন মাস সহ পূর্বের যাবতীয় বকেয়া পরিশোধ করতে হবে।

৪. বার্ষিক পরীক্ষার পূর্বে ডিসেম্বর মাস সহ যাবতীয় বকেয়া পরিশোধ করতে হবে।

৫. পরপর তিন মাস মাসিক বেতন, বোর্ডিং ফী ও ব্যবস্থাপনা ফী বাকী থাকলে তার ভর্তি সাময়িকভাবে বাতিল হবে। পুনরায় ভর্তি হ'তে চাইলে জরিমানাসহ সকল বকেয়া পরিশোধ করতঃ ১০০/- টাকা অতিরিক্ত ফী জমা দিয়ে প্রিন্সিপাল বরাবর আবেদন করবে।

৬. ১৫ দিনের অধিক মাদ্রাসা বন্ধ থাকলে পূর্ণ মাসিক বেতন, আবাসিক ফী ও দিন অনুযায়ী বোর্ডিং ফী প্রদান করতে হবে।

## উৎসাহ পুরস্কার

১. বার্ষিক পরীক্ষায় প্রত্যেক শ্রেণীতে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের এবং প্রত্যেক শ্রেণীতে হাযিরা খাতায় সর্বোচ্চ উপস্থিত ছাত্রদের পুরস্কৃত করা হয়।

২. বার্ষিক পরীক্ষায় প্রত্যেক শ্রেণীর ১ম স্থান অধিকারীদের সম্পূর্ণ বেতন এবং ২য় ও ৩য় স্থান অধিকারীদের অর্ধেক বেতন মওকূফ করা হয়।

৩. আখলাক, লেখনী, বাগ্মিতা এবং আনুসঙ্গিক অন্যান্য বিষয়ে সেরা ৩ জন শিক্ষার্থীকে প্রতিবছর পুরস্কার সহ 'সনদ' প্রদান করা হয়।

৪. মাসিক আঞ্জুমানে সেরা প্রমাণিত ৩ জন শিক্ষার্থীকে 'বার্ষিক আঞ্জুমান পুরস্কার' দেওয়া হয়।

## পারস্পরিক আচরণ

১. ছোটদের প্রতি স্নেহ ও বড়দের প্রতি সম্মান বজায় রেখে বসবাস করবে। সকল শিক্ষককে সমানভাবে শ্রদ্ধা করবে ও তাদের দো'আ নিবে এবং সুযোগমত শিক্ষণীয় বিষয়সমূহ জেনে নিবে।

২. সর্বদা নম্রতা ও শালীনতা বজায় রেখে চলবে। হৈচৈ, চেঁচামেচি, ধাক্কাধাক্কি সহ যেকোন ধরনের উচ্ছৃংখল আচরণ গুরুতর অপরাধ হিসাবে গণ্য হবে।

৩. কোন শিক্ষার্থী বিনা অনুমতিতে অপর ছাত্রের কোন জিনিস ব্যবহার করবে না। কারো প্রতি কুরুচিপূর্ণ ইঙ্গিত ও ভাষা ব্যবহার করবে না। কোনরূপ

শারীরিক ও মানসিক নির্যাতন করবে না। কারো ক্ষতিসাধন করলে বা কারো জিনিস চুরি করলে পূর্ণ ক্ষতিপূরণ সহ দৃষ্টান্তমূলক শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪. কোন বিষয়ে পরস্পরকে উসকানী দিবে না। গ্রুপিং ও দলাদলি করবে না। প্রতিষ্ঠানের সম্মান ও স্বার্থ হানিকর কোন কাজ করবে না। সর্বদা নেকীর কাজে পরস্পরকে উৎসাহিত করবে এবং গোনাহের কাজ হ'তে বিরত থাকবে।

৫. পরিচালনা কমিটির কোন সদস্য, শিক্ষক, অভিভাবক বা কর্মকর্তা ও কর্মচারীর প্রতি অসম্মান প্রদর্শন এবং যে কোন ধরনের বেয়াদবী কঠোর শাস্তিযোগ্য অপরাধ হিসাবে বিবেচিত হবে।

## হোস্টেল সংক্রান্ত

১. বিছানা-পত্র, পড়ার ডেস্ক এবং ৬ ফুট দৈর্ঘ্য ও ২.৫ ফুট প্রস্থ বিশিষ্ট চৌকি শিক্ষার্থীরা নিজ দায়িত্বে সংগ্রহ করবে।

২. হোস্টেলে হিটার, কুকার, ল্যাপটপসহ সকল প্রকার ব্যক্তিগত কম্পিউটার ব্যবহার নিষিদ্ধ। এছাড়া কোন বেআইনী বস্তু ও অশ্লীল পত্র-পত্রিকা রাখা যাবে না। কারো নিকটে এরূপ কিছু পাওয়া গেলে তা বাযেয়াফত করা হবে এবং তাকে কঠোর শাস্তির সম্মুখীন হ'তে হবে। উচ্চশ্রেণীর (কুল্লিয়া) শিক্ষার্থীরা গবেষণার প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে কম্পিউটার ব্যবহার করতে পারবে।

৩. হোস্টেলে মোবাইল ফোন, রেডিও, ক্যামেরা, গান শোনা বা ভিডিও দেখার ডিভাইস ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ। কোন শিক্ষার্থীর নিকটে এগুলো পাওয়া গেলে তাকে বিধি মোতাবেক সর্বোচ্চ শাস্তি প্রদান করা হবে।

৪. টেবিল-চেয়ার ও দরজা-জানালাসহ প্রতিষ্ঠানের স্থাবর-অস্থাবর কোন সম্পদ বিনষ্ট করা সম্পূর্ণরূপে নিষিদ্ধ। এর জন্য যথোপযুক্ত ক্ষতিপূরণ সহ কঠোর শাস্তির সম্মুখীন হ'তে হবে।

৫. আবাসিক কক্ষ নির্ধারণ, সীট বণ্টন, পরিবর্তন ও বাতিলকরণের বিষয়ে বোর্ডিং কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। প্রত্যেক শিক্ষার্থী তার জন্য বরাদ্দকৃত কক্ষ ও সীটে অবস্থান করবে। কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কেউ নিজ থেকে কক্ষ বা সীট পরিবর্তন করতে পারবে না। রাতে কোন শিক্ষার্থী নিজ বিছানা ব্যতীত অন্যের বিছানায় বা কক্ষে অবস্থান করতে কিংবা রাতযাপন করতে পারবে না।

৬. দায়িত্বরত আবাসিক শিক্ষকের অনুমতি (আউট পাস) ছাড়া এবং নির্ধারিত সময় ব্যতীত কোন শিক্ষার্থী ক্যাম্পাসের বাইরে যেতে পারবে না। অহেতুক গল্প-গুজব, নাটক-নভেল পড়া থেকে বিরত থাকবে। রুম ক্যাপ্টেন ও সহকারী ক্যাপ্টেনের নির্দেশনা মেনে চলবে।

৭. ছাত্রত্ব শেষ হ'লে তার আবাসিকতা বাতিল হয়ে যাবে। এ সময় কক্ষ ত্যাগের জন্য সে সর্বোচ্চ ৭ দিন সময় পাবে। অহেতুক বিলম্ব করলে প্রতিদিনের জন্য নির্দিষ্ট হারে জরিমানা দিতে বাধ্য থাকবে। কক্ষ ত্যাগ কালে দায়িত্বশীল আবাসিক শিক্ষক/তত্ত্বাবধায়ককে তাঁর উপস্থিতিতে কক্ষ বুঝিয়ে দিতে হবে।

৮. পাবলিক পরীক্ষার পর আবাসিকতা বাতিল হবে। তবে অত্র প্রতিষ্ঠানে পরবর্তী শ্রেণীতে ভর্তি ও আবাসিকতা বহাল রাখতে চাইলে নির্ধারিত ফী প্রদান করতে হবে।

৯. নিজেদের মধ্যে কোন সমস্যা সৃষ্টি হ'লে রুম ক্যাপ্টেন ও সহকারী ক্যাপ্টেনকে তা জানিয়ে মিটিয়ে ফেলবে। সম্ভব না হ'লে সংশ্লিষ্ট আবাসিক শিক্ষকের কাছে বিচার দিবে। গুরুতর বিষয়াদি আবাসিক শিক্ষকগণ 'শৃংখলা কমিটি'র নিকটে পেশ করবেন। অতঃপর তাদের সুফারিশক্রমে প্রিন্সিপাল মহোদয় চূড়ান্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

১০. রাত্রি ১১-টায় সকল আবাসিক কক্ষের লাইট বন্ধ করতে হবে। কারো একান্ত যরূরী পড়াশুনা থাকলে পৃথক 'পাঠ কক্ষে/মসজিদে' পড়বে। বাদ ফজর ঘুমানো নিষিদ্ধ। দুপুরে খাওয়ার পর ১ ঘণ্টা বিশ্রাম নিবে।

১১. কেউ তার অভিভাবক বা অতিথিকে রাত্রে নিজেদের কক্ষে রাখতে পারবে না। প্রয়োজনে বোর্ডিং কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে মেহমানখানায় থাকার ব্যবস্থা করবে।

১২. অনাবাসিক কোন শিক্ষার্থী আবাসিক শিক্ষকের বিনা অনুমতিতে হোস্টেলে অবস্থান করতে পারবে না।

১৩. বাহিরে কোচিং/প্রাইভেট সম্পূর্ণরূপে নিষিদ্ধ। মাদ্রাসার নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত প্রাইভেট ক্লাসে অংশগ্রহণ করতে পারবে।

## ডাইনিং সংক্রান্ত

১. শারঈ নীতি অনুযায়ী শান্তভাবে সর্বোচ্চ ভদ্রতা বজায় রেখে খাদ্য গ্রহণ করবে।

২. সর্বদা ডাইনিং কক্ষে খাবে। নিতান্ত ওযরবশতঃ কক্ষে খাবার নিতে হ'লে ডাইনিং কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নিতে পারবে।

৩. খাওয়ার পর সুন্নাতী তরীকায় প্লেট চেটে খাবে। নিজের প্লেট নিজে ছাফ করবে। কোনভাবেই খাদ্য ও পানির অপচয় করা যাবে না।

৪. খাদ্যমান নিয়ে কোন অভিযোগ থাকলে তা প্রিন্সিপাল/সেক্রেটারীর নিকটে পেশ করবে। দায়িত্বরত কর্মকর্তা/কর্মচারীর সাথে এ ব্যাপারে কোনরূপ দাবী পেশ বা অসদাচরণ করা যাবে না।

৫. খাবার প্লেট ও গ্লাস নিজ দায়িত্বে সংগ্রহ করবে।

## খেলাধূলা সংক্রান্ত

আছরের ছালাত শেষে নির্ধারিত সময় পর্যন্ত পড়াশুনার পর ১-ঘণ্টা শরীরচর্চামূলক খেলাধূলা করবে। অন্য সময় খেলাধূলা নিষিদ্ধ। মাগরিবের ১৫ মিনিট পূর্বে খেলা শেষ করবে। খেলার সময় অবশ্যই শালীনতাপূর্ণ পোষাক পরিধান করবে।

## যোগাযোগ নীতি

শুক্রবার সকাল সাড়ে ৮-টা থেকে সাড়ে ১১-টা পর্যন্ত এবং প্রতিদিন আছর থেকে মাগরিবের ১৫ মিনিট পূর্ব পর্যন্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনায় নির্দিষ্ট মোবাইল থেকে আবাসিক শিক্ষার্থীরা পরিবারের সাথে যোগাযোগ করতে পারবে। যোগাযোগের জন্য মোবাইল নম্বর সমূহ- ১ম তলা : ০১৭৬৬-২০১৩৫০, ২য় তলা : ০১৩১৪-৩১৫৪৭৯, ৩য় তলা : ০১৭৯৪-৮৩৭৭০৩, ৪র্থ তলা : ০১৭৯৪-৮৩৭৭০৪, হিফয বিভাগ : ০১৭৬৫-৩৩৮০৮০, ইয়াতীম বিভাগ : ০১৭৬১-১৬৬৯৬০। ইয়াতীম বিভাগের অফিসিয়াল কার্যক্রম সম্পর্কে যোগাযোগের জন্য মোবাইল নম্বর : ০১৭৯৯-৬০৯৮২৯।

## বিচার ও শাস্তিবিধি

১. আচরণবিধি লংঘন করলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। ছোট-খাট লঙ্ঘনে হোস্টেল বিষয়ে আবাসিক শিক্ষক এবং একাডেমিক বিষয়ে শ্রেণী শিক্ষক ব্যবস্থা নিবেন। প্রয়োজনে প্রিন্সিপাল কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন।

২. পরপর দুইবার বিধান অমান্যের কারণে শাস্তির পর তৃতীয়বার তা করলে সেটি 'সাময়িক ভর্তি বাতিলযোগ্য' অপরাধ হিসাবে গণ্য হবে। এমতাবস্থায় তাকে অভিভাবকের আবেদন ও ১০০/- টাকা জরিমানাসহ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নতুনভাবে ভর্তি ফী দিয়ে ভর্তি হ'তে হবে।

## ভর্তি বাতিলযোগ্য অপরাধ

১. গ্রুপিং বা দলাদলি এবং ক্লাস, অফিস, বোর্ডিংসহ প্রশাসনিক কর্মকাণ্ড ব্যাহত করার কোন প্রকার একক বা দলবদ্ধ প্রচেষ্টা।

২. প্রতিষ্ঠানের স্থাবর বা অস্থাবর কোন সম্পদ বিনষ্ট করা।

৩. কোন শিক্ষার্থীর উপর বল প্রয়োগ, ভীতি প্রদর্শন বা প্রহার করা।

৪. বিনা অনুমতিতে ও নিয়ম বহির্ভূতভাবে আবাসিকতা পরিত্যাগ করা।

৫. কর্তৃপক্ষের বা প্রতিষ্ঠানের সুনাম নষ্ট হয় এমন কাজ করা।

## হাযিরা ও ছুটি নীতি

১. বিনা ছুটিতে কোন শিক্ষার্থী ক্লাসে বা আবাসিক কক্ষে অনুপস্থিত থাকলে তাকে সতর্ক করা হবে। ২য় বার এরূপ করলে অভিভাবকের মাধ্যমে মুচলেকা দিতে হবে। ৩য় বার এরূপ ঘটলে তা 'সাময়িক ভর্তি বাতিলযোগ্য'

অপরাধ হিসাবে গণ্য হবে। এমতাবস্থায় তাকে কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে অভিভাবকের আবেদন ও ১০০/- জরিমানাসহ নতুনভাবে ফী দিয়ে ভর্তি হ'তে হবে।

২. অনাবাসিক কোন শিক্ষার্থী ছুটি নিতে চাইলে অভিভাবকের সুফারিশসহ শ্রেণী শিক্ষকের মাধ্যমে প্রিন্সিপাল বরাবর আবেদন করে ছুটি নিশ্চিত করবে। আবাসিক শিক্ষার্থী ছুটি নিতে চাইলে আবাসিক শিক্ষকের সুফারিশে শ্রেণী শিক্ষকের মাধ্যমে প্রিন্সিপাল বরাবর আবেদন করে ছুটি নিশ্চিত করবে।

৩. কোন শিক্ষার্থী লিখিত অনুমতি ব্যতীত একটানা ৩০ দিন অনুপস্থিত থাকলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৪. প্রতিষ্ঠান খোলা ও বন্ধের দিন অবশ্যই উপস্থিত থাকতে হবে। নইলে ১ম দিনের জন্য ২০০ টাকা এবং পরবর্তী প্রত্যেক দিনের জন্য ৫০ টাকা হারে জরিমানা প্রদান করতে হবে।

## অভিভাবকদের কর্তব্য

১. অভিভাবকগণ সন্তানের লেখাপড়ার খোঁজ-খবর রাখবেন ও তাদের পরীক্ষার ফলাফল, লেখাপড়ার উন্নতি-অগ্রগতি ও চারিত্রিক অবস্থা পর্যবেক্ষণ করবেন।

২. যে কোন অভিযোগ প্রিন্সিপাল বরাবর জানাতে হবে এবং প্রতিষ্ঠানের উন্নতির স্বার্থে অভিভাবকের যে কোন সুপরামর্শ সাদরে গৃহীত হবে।

৩. অভিভাবকগণ শুক্রবার সকাল ৮.৩০ মিনিট হ'তে ১১-টা পর্যন্ত ও প্রতিদিন আছর হ'তে মাগরিবের ১৫-মিনিট পূর্ব পর্যন্ত আবাসিক শিক্ষার্থীদের সঙ্গে নির্ধারিত মোবাইলে কথা বলতে পারবেন। বিশেষ প্রয়োজনে সাক্ষাৎ অপরিহার্য হ'লে কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে। মহিলা অভিভাবকগণ শারঈ পর্দা সহকারে সাক্ষাৎ করতে আসবেন এবং ওয়েটিং রুমে বসবেন। কোনভাবেই তারা আবাসিক ভবনের ভিতরে প্রবেশ করবেন না।

৪. শিক্ষার্থীদের কক্ষে কোন অভিভাবক অবস্থান করতে পারবেন না।

৫. মাসিক প্রদেয় ফী সমূহ যথাসময়ে প্রদান করবেন।

৬. প্রতিষ্ঠানের নিয়ম-কানূন যথাযথভাবে মেনে চলতে শিক্ষার্থীকে উৎসাহিত করবেন।

৭. কর্তৃপক্ষ কর্তৃক আহুত অভিভাবক সম্মেলনে ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে যোগদান করবেন।

## পরীক্ষার সময়সূচী

| ক্রঃ | পরীক্ষার নাম | তারিখ | ফল প্রকাশ |
|---|---|---|---|
| ০১ | ষান্মাসিক পরীক্ষা | ২৮শে মে মঙ্গলবার হ'তে ১৩ই জুন বৃহস্পতিবার | ৬ই জুলাই শনিবার |

| | | | |
|---|---|---|---|
| ০২ | বার্ষিক পরীক্ষা | ২৮শে নভেম্বর বৃহস্পতিবার হ'তে ১৫ই ডিসেম্বর রবিবার | ২৬শে ডিসেম্বর বৃহস্পতিবার |
| ০৩ | নির্বাচনী পরীক্ষা (দাখিল ও আলিম) | বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখে | পরীক্ষা শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যে |
| ০৪ | শ্রেণী মূল্যায়ন/ পাঠ মূল্যায়ন | মার্চে প্রথম ও সেপ্টেম্বরে দ্বিতীয় পাঠ মূল্যায়ন/শ্রেণী মূল্যায়ন (Class Test) পরীক্ষা নেওয়া হবে। | |

## বার্ষিক ছুটির তালিকা

| ক্রঃ | উপলক্ষ্য | তারিখ ও বার | দিন |
|---|---|---|---|
| ০১ | বার্ষিক তাবলীগী ইজতেমা | বৃহস্পতি, শনিবার ও রবিবার | ০৩ দিন |
| ০২ | রামাযান ও ঈদুল ফিৎর | ৯ই মার্চ শনিবার হ'তে ১৮ই এপ্রিল বৃহস্পতিবার | ৩৯ দিন |
| ০৩ | ✸ ইয়াওমুল আরাফাহ, ঈদুল আযহা ও গ্রীষ্মকালীন | ১৫ই জুন শনিবার হ'তে ২৭শে জুন বৃহস্পতিবার | ১৩ দিন |
| ০৪ | ✸আশূরায়ে মুহাররম | ১৭ ও ১৮ই জুলাই বুধবার ও বৃহস্পতিবার | ০২ দিন |
| ০৫ | শীতকালীন ছুটি | ১৬ই ডিসেম্বর সোমবার হ'তে ২১শে ডিসেম্বর শনিবার | ০৬ দিন |
| ০৬ | প্রিন্সিপালের সংরক্ষিত ছুটি | | ০২ দিন |
| | | **মোট :** | **৬৫ দিন** |

✸ তারকা চিহ্নিত ছুটি চাঁদ দেখা সাপেক্ষে পরিবর্তন হ'তে পারে।

✸ আশূরার ছুটিতে শুধু পাঠ বিরতি থাকবে। কোন শিক্ষার্থী ক্যাম্পাস ত্যাগ করতে পারবে না। অনাবাসিক শিক্ষার্থীরা অবশ্যই বাসায় ছিয়াম পালন করবে।

**বি. দ্র.** হিফয ও মক্তব বিভাগের জন্য রামাযান ও ঈদুল ফিতরের ছুটি ২৫শে রামাযান থেকে ১২দিন এবং শীতকালীন ছুটি ১৬ই ডিসেম্বর সোমবার হ'তে ২১শে ডিসেম্বর শনিবার পর্যন্ত ৬ দিন।

## সাপ্তাহিক ছুটির দিনের কর্মসূচী

১. শিক্ষক-শিক্ষার্থী সম্মিলিত আলোচনা সভা।
২. শিক্ষামূলক ডকুমেন্টারী প্রদর্শন।
৩. সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রতিযোগিতা (ক্বিরাআত, হিফযুল কুরআন, হিফযুল

হাদীছ, আক্বীদা, নাহু-ছরফ, আযান, আবৃত্তি, মাসায়েল, কুইজ, বিভিন্ন ভাষায় বক্তৃতা দান প্রভতি)।

৪. বিতর্ক প্রতিযোগিতা।
৫. সুন্দর হস্তাক্ষর প্রতিযোগিতা।
৬. পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান।
৭. ক্রীড়া প্রতিযোগিতা।
৮. দাওয়াতী কার্যক্রমে অংশগ্রহণ।
৯. সমাজসেবামূলক কার্যক্রমে অংশগ্রহণ প্রভৃতি।

## আঞ্জুমান -এর কর্মসূচী

প্রতি বৃহস্পতিবার সাপ্তাহিক শ্রেণীভিত্তিক আঞ্জুমান হবে। সেখানে ১ম ও ২য় স্থান অধিকারী মাসিক সামগ্রিক আঞ্জুমানে অংশগ্রহণ করবে। বিষয়সূচী : (১) অর্থসহ পবিত্র কুরআন তেলাওয়াত (২) হাদীছ পাঠ (৩) আক্বীদা (৪) বিষয়ভিত্তিক বক্তৃতা (বাংলা, ইংরেজী, আরবী ও উর্দূ) (৫) জানা-অজানা/সাধারণ জ্ঞান (৬) মাসআলা-মাসায়েল (৭) জাগরণী (৮) কবিতা আবৃত্তি (৯) সুন্দর হস্তাক্ষর (১০) সংগঠন শিক্ষা, প্রভৃতি। মাসিক আঞ্জুমানে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের পুরস্কৃত করা হয়।

## এক নযরে প্রতিদিনের কর্মসূচী

মসজিদে ফজরের ছালাত, তাফসীর শ্রবণ ও কুরআন তেলাওয়াত শেষে সকল শিক্ষার্থী মারকায ময়দানে ১০ মিনিট ব্যায়াম করবে। অতঃপর নিজ নিজ কক্ষে গিয়ে পড়তে বসবে। অতঃপর নির্ধারিত সময়ে গোসল ও নাশতা শেষে ক্লাসে গমন করবে। ক্লাস থেকে ফিরে যোহর ছালাতের পর দুপুরের খাবার গ্রহণ করবে এবং এক ঘণ্টা বিশ্রাম নিবে। বাদ আছর নির্ধারিত সময় পর্যন্ত পড়াশুনা শেষে খেলাধূলা করবে অথবা প্রয়োজনীয় কার্যসমূহ সেরে নিবে। অতঃপর বাদ মাগরিব থেকে এশা পর্যন্ত পড়াশুনা করবে। এশার ছালাতের পর রাতের খাবার শেষে সর্বোচ্চ ১১-টা পর্যন্ত পড়াশুনা করবে। অতঃপর ঘুমিয়ে যাবে।

# মক্তব বিভাগ

## শিক্ষার স্তর : ১ বছর

১. নাযেরাহ ও বিশুদ্ধ তেলাওয়াতসহ ৩০তম পারা হিফয।
২. সহজ আরবী ক্বায়েদা (হা.ফা.বা. প্রকাশিত)।
৩. সোনামণিদের মাসনূন দো‘আ শিক্ষা (হা.ফা.বা. প্রকাশিত)।
৪. দ্বীনিয়াত শিক্ষা (মক্তব)।
৫. হস্তলিপি (বাংলা, আরবী, ইংরেজী ও উর্দূ) শিক্ষা দান।

# হিফয বিভাগ

## শিক্ষার স্তর : ৩ বছর

১ম বর্ষ : ১০ পারা হিফয।
২য় বর্ষ : ১৩ পারা হিফয।
৩য় বর্ষ : ৭ পারা হিফয ও শুনানী।

**বি. দ্র.**
১. শুনানী ছাড়া হিফযের সার্টিফিকেট প্রদান করা হয় না।
২. হিফয শেষে যোগ্যতা অনুযায়ী কিতাব বিভাগে যেকোন শ্রেণীতে ভর্তির সুযোগ রয়েছে।

## বৈশিষ্ট্য :

১. মনিটরিং টীম দ্বারা নিয়মিত তদারকী।
২. শিক্ষার্থীদের জন্য গ্রুপভিত্তিক মাসিক ও বার্ষিক পাঠ পরিকল্পনা তৈরীকরণ এবং প্রতি মাসে ছাত্রের অগ্রগতির প্রতিবেদন প্রদান।
৩. তেলাওয়াতের মানোন্নয়নের জন্য সাপ্তাহিক ক্বিরাআত মজলিসের ব্যবস্থা।
৪. দু'টি শ্রেণী/পাঠ মূল্যায়ন (CT) ও বছরে দু'টি পরীক্ষা (ষান্মাসিক ও বার্ষিক) গ্রহণ।
৫. বছরে একবার আন্তঃমাদ্রাসা হিফয প্রতিযোগিতার আয়োজন ও মেধাবীদের পুরস্কৃতকরণ।
৬. হিফয শেষে বয়স ও মেধা অনুযায়ী সাধারণ বিভাগে ভর্তি হওয়ার জন্য সাধারণ ক্লাসের প্রয়োজনীয় বিষয়সমূহ শিক্ষাদান এবং সুন্দর হস্তাক্ষরের প্রতি বিশেষ দৃষ্টি প্রদান।
৭. অডিও-ভিডিওর মাধ্যমে মানসম্পন্ন ক্বিরাআত শিক্ষাদান এবং জাতীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ।

## ভর্তি ফী-২০২৪

| শ্রেণী | সেশন চার্জ | মাসিক বেতন | সংস্থাপন ফী | আসবাব পত্র | পাঠাগার ফী | ক্রীড়া ও সংস্কৃতি | ম্যাগাজিন ফী | বিবিধ | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| মক্তব ও হিফয | ১৫০০ | ৭০০ | ৪০০ | ২০০ | ১০০ | ১০০ | - | ১০০ | ৩১০০/- |
| ১ম ও ২য় শ্রেণী | ১৫০০ | ৬০০ | ৪০০ | ২০০ | ১০০ | ১০০ | - | ১০০ | ৩০০০/- |
| ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণী | ১৫০০ | ৭০০ | ৪০০ | ২০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ৩২০০/- |
| ৬ষ্ঠ শ্রেণী | ১৫০০ | ৭৫০ | ৪০০ | ২০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ৩২৫০/- |

| শ্রেণী | সেশন চার্জ | মাসিক বেতন | সংস্থাপন ফী | আসবাব পত্র | পাঠাগার ফী | ক্রীড়া ও সংস্কৃতি | ম্যাগাজিন ফী | বিবিধ | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৭ম ও ৮ম শ্রেণী | ১৫০০ | ৭৫০ | ৪০০ | ২০০ | ১০০ | ১০০ | ২০০ | ১০০ | ৩৩৫০/- |
| ৯ম হ'তে কুল্লিয়া | ১৫০০ | ৮০০ | ৪০০ | ২০০ | ১০০ | ১০০ | ২০০ | ১০০ | ৩৪০০/- |

বি. দ্র. নতুন শিক্ষার্থীদের ক্ষেত্রে উক্ত ফী-এর সাথে ভর্তি ফী বাবদ ১৬০০/- প্রদান করতে হবে। মাসিক বেতন ব্যতীত অন্যান্য ফী ভর্তির সময় শুধুমাত্র একবার দিতে হবে।

## ২০২৪ সালের মাসিক বোর্ডিং ও ব্যবস্থাপনা ফী

| | |
|---|---|
| বোর্ডিং ফী | ২২০০/- |
| ব্যবস্থাপনা ও আবাসিকতা ফী | ৭০০/- |
| মোট | ২৯০০/- |

* বি. দ্র. বোর্ডিং ফী এর সাথে ব্যবস্থাপনা ও আবাসিকতা ফী অবশ্যই প্রদান করতে হবে।

## দৈনন্দিন খাবারের তালিকা

| বার | সকাল | দুপুর | রাত |
|---|---|---|---|
| শনিবার | সবজি খিচুড়ী | মুরগীর গোশত+ডাল | ভাজি+ডাল/সবজি |
| রবিবার | ভুনা খিচুড়ী | মাছ+সবজি+ডাল | সবজি |
| সোমবার | ভাত+সবজি/খিচুড়ী | ডিম+সবজি+ডাল | মাছের ঘণ্ট |
| মঙ্গলবার | সবজি খিচুড়ী | গরুর গোশত+ডাল | ভাজি+ডাল/সবজি |
| বুধবার | ভাত+সবজি/খিচুড়ী | মাছ+সবজি+ডাল | সবজি |
| বৃহস্পতিবার | ভুনা খিচুড়ী | সবজি/ভর্তা+ডাল | মাছের ঘণ্ট |
| শুক্রবার | ভাত+ভর্তা/সবজি | মাছের ঘণ্ট | ডিম+সবজি+ডাল |

**বিঃদ্রঃ** (১) রুচি পরিবর্তনের জন্য প্রয়োজনে কর্তৃপক্ষ খাদ্য তালিকা পরিবর্তন করতে পারেন।
(২) দ্রব্যমূল্য অস্বাভাবিক বৃদ্ধি পেলে বোর্ডিং খরচে পরিবর্তন আসতে পারে।
(৩) **মেহমান চার্জ :** ৩০ থেকে ৭০ টাকা পর্যন্ত (মেন্যু অনুযায়ী প্রযোজ্য)।
(৪) **নিয়মিত মাসিক মেহমান চার্জ :** সকাল-৭০০/-; দুপুর -১৫০০/-; রাত : ৯০০/-

❁❁❁❁❁

سبحانك اللهم وبحمدك أشهد أن لآ إله إلا أنت أستغفرك وأتوب إليك–



একাডেমিক ভবন



ইয়াতীম ভবন




প্রধান ফটক

## আল-মারকাযুল ইসলামী আস-সালাফী

নওদাপাড়া (আম চত্বর), পোঃ সপুরা, থানা : শাহ মখদুম, রাজশাহী
মোবাইল : ০১৭৩৫-৯৫৯০২৯, ০১৩০৯-১৩৪০৫১
ওয়েবসাইট : www.amis.edu.bd